অবহিত থাকতে হবে কারণ একমাত্র সংযোগ রক্ষাকারী। তার প্রতিষ্ঠানিক কার্যকলাপের মাধ্যমে তিনি অক্ষম ব্যক্তিদের সুযোগসুবিধার সমন্বয় সাধনের চেষ্টা করবেন। তাঁকে সর্বদা নিত্যনতুন খবর সম্পর্কে খোঁজ রাখতে হবে কারণ অক্ষম ব্যক্তিদের এই ক্ষেত্রটিতে বিভিন্ন প্রকার উন্নতিমূলক কাজকর্ম খুব দ্রুত হয়ে থাকে।

### ৪.৬.২ রাজ্যস্তর (State Level)

পূর্বে বলা হয়েছে যে রাজ্য জাতীয় স্তরে কিছু পরিকল্পনাকে কর্মে উপনীত করে। আরো বলা যায়, সব রাজ্যেরই সক্ষম ব্যক্তিদের জন্য নিজ নিজ পরিকল্পনা হয়েছে। প্রত্যেকটি রাজ্যেরই পরিকল্পনা পৃথক। উদাহরণস্বরূপ বলা যেতে পারে, মহারাষ্ট্রে RCI স্বীকৃত বিশেষ শিক্ষকশিক্ষিকা সরকারি নীতি নির্ধারিত বেতন পাবেন। যদিও অন্য রাজ্যগুলিতে এই নিয়ম এখনো চালু হয়নি। এই ধরনের সিদ্ধান্তসমূহ ছাত্র-ছাত্রী কর্তৃক প্রাপ্ত শিক্ষা এক শিক্ষক-শিক্ষিকা কর্তৃক প্রদত্ত শিক্ষার গুণগত মানের উপর প্রভাব বিস্তার করে। অক্ষম শিশুদের সরাসরিপ্রদত্ত জিনিসগুলি হল, বাসের উপর ছাড়, ভরণপোষণের অনুমোদন, শিক্ষার উপকরণসমূহের বিতরণ ইত্যাদি (দ্রষ্টব্য SESM 03 Block 4 Unit 3)।

কোন সংস্থার পক্ষে গুরুত্বপূর্ণ হল বিভিন্ন পরিকল্পনা সম্পর্কে বোঝার ক্ষমতা অর্জন—কিভাবে এর কার্যাবলী সম্পাদিত হয়, যোগ্যতার মান্যতা এবং যার কাছ থেকে এগুলি পাওয়া যেতে পারে তার সাথে যোগাযোগের উপায়। এগুলি সেই সংস্থগুলিকে সাহায্য করবে যাতে তারা মানসিক দিক থেকে পিছিয়ে পড়া শিশুদের বাবা-মাকে বিভিন্ন তথ্য সম্পর্কে জানাবে এবং তাঁরা এর দ্বারা কিভাবে উপকৃত হবেন।

### ৪.৬.৩ আঞ্চলিক স্তর (Local Level)

প্রত্যেক গ্রামে সরকারি ও বেসরকারি উভয় প্রকার দল ও সংস্থা থাকবে জনগণকে কল্যাণ ও উন্নীতকরণের জন্য। প্রতিটি গ্রামে একটি জন্য জনস্বাস্থ্যকেন্দ্র (Public Health Centre) এবং একটি প্রাথমিক বিদ্যালয় থাকা অবশ্যম্ভাবী। সেইসঙ্গে প্রতিটি গ্রামে একজন শিক্ষা গ্রামীণ আধিকারিক, PHC ডাক্তার, অঙ্গনওয়ারি কর্মী এবং পেষিক ও স্বাস্থ্যকর্মীরাও থাকবেন। এইসকল কর্মাধিকারিকদের সদিয়করণও প্রশিক্ষণ দেওয়া হল গ্রামের স্তরে অক্ষম ব্যক্তিদের অক্ষমতা প্রতিরোধকরণ ও সনাক্তকরণ মহত হয়ে উঠবে। বিভিন্ন মহিলা সংগঠন, পিতামাতা গোষ্ঠী, সাক্ষরতা অভিযান গোষ্ঠী, মানবাধিকার সংগঠনসমূহ এবং অন্যান্য সহযোগী গোষ্ঠীসমূহকে নিশ্চিতভাবে অক্ষম ব্যক্তিদের অক্ষমতা নির্ধারণ ও সেই সম্পর্কিত বিষয়াদি সম্পর্কে অবহিত করতে হবে।

বন্ধ ভারত সরকারের একটি নবতম প্রয়াস যেখানে অক্ষম ব্যক্তিরা তাদের গ্রামের মধ্যে অক্ষমতা নির্ধারণ, সংস্কারক ও এই বিষয়ে সচেতনতা গড়ে তোলার জন্য প্রশিক্ষণপ্রাপ্ত হয়ে থাকেন। তারা গ্রামে অবস্থিত পদ্ধতিসমূহ দ্বারা সাহায্যপ্রাপ্ত হয়ে থাকেন। যদিও আমাদের দেশে এই ব্যবস্থা এখনও পর্যন্ত সম্পূর্ণভাবে চালু করা যায়নি।

ভারতবর্ষে শতকরা ৭৫ ভাগ মানুষের জন্য আঞ্চলিকস্তরে অক্ষম ব্যক্তিদের সাহায্য করার উপযোগী পরিবেশ তৈরি করার প্রয়াসযোগ্য পদক্ষেপ নেওয়া যেতে পারে।

## ৪.৭ সারাংশ (Summary)

- সামগ্রিকভাবে অক্ষম শিশুদের প্রয়োজন মেটানোর জন্য দলগত সাহায্য/প্রভাব অত্যন্ত প্রয়োজন।
- তিনধরনের কার্যকরী প্রকাশের নমুনা রয়েছে। ক) মাল্টিডিসিপ্লিনারি, খ) ইন্টারডিসিপ্লিনারি এবং গ) ট্রান্সডিসিপ্লিনারি।
- প্রত্যেকটার কিছু সুবিধা ও অসুবিধা আছে। ব্যবহারকারীর নির্ণয়ের ক্ষেত্রে সতর্ক হওয়া উচিত।

- মানসিকভাবে অক্ষম ব্যক্তিদের যথার্থ সাহায্য করার সময় তাদের অক্ষমতার প্রকৃতি সম্পর্কে যথার্থ নেট ওয়ার্কিং ও যোগসূত্র রেখেই করা উচিত।
- কার্যকরী নেটওয়ার্কিং-এর জন্য জাতীয় রাজ্য ও স্থানীয় স্তরে উপযুক্ত সমন্বয় রাখা গুরুত্বপূর্ণ।

## ৪.৮ অগ্রগতির মূল্যায়ন (Check Your Progress)

১. নিম্নলিখিতগুলি সংক্ষেপে ব্যাখ্যা করুন।

ক) মাল্টিডিসিপ্লিনারি অ্যাপ্রোচ

খ) ইন্টারডিসিপ্লিনারি অ্যাপ্রোচ

গ) ট্রান্সডিসিপ্লিনারি অ্যাপ্রোচ

২. মানসিকভাবে অক্ষম ব্যক্তিদের জন্য কার্যকরী দলের সভ্যদের নাম করুন।

৩. নেটওয়ার্কিং-এর জন্য বিভিন্ন যোগসূত্রগুলি কি?

৪. নিম্নলিখিতস্তরে সমন্বয়-এর প্রত্যেকটির দুটি করে সুবিধা লিখুন।

ক) জাতীয়, খ) রাজ্য, গ) স্থানীয়

## ৪.৯ বাড়ীর কাজ (Assignment)

১. একটি গ্রাম নির্দিষ্ট করুন এবং সেখানে মানসিক অক্ষমদের জন্য সনাক্তকরণ ও সাহায্যের জন্য বর্তমান সংস্থাগুলিকে খুঁজে বার করুন।

## ৪.১০ আলোচনার বিষয় ও তার পরিস্ফুটন (Points for Discussion/Clarification)

এই এককটি পাঠের পর আরও কিছু সূত্র আলোচনা ও ব্যাখ্যা করতে পারেন। সেগুলি নিচে লিপিবদ্ধ করুন।

### ৪.১০.১ আলোচনার সূত্রাবলী (Points for discussion)

### ৪.১০.২ বি(্-ষণের বিষয় (Points for Clarification)

### ৪.১১ উৎস (Reference)

1. Goetz, G and Campbell, S. (1987)-Innovative programme design for individuals with dual sensory impairments. Maryland. Paul : H. Brooks Publishing C.
2. Government of India (1995) Persons with Disabilities Act.
3. Hart, V. (1971). The use of many disciplines with the severely and profound handicapped. m E. Sontag, J smith, & N. Cesto (Eds), Educational programming for the severely and profoundly handicapped (pp 391-396), Reston, VA : Council for Exceptional children.
4. Orelove. P.F. and Sobsey. D. (1987). Educating childrenwith multiple disabilities. A transdisciplinary approach : Mary land Paul H. Brooks Publishing Co.